



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

এসএমইএসপিডি সার্কুলার নং-৩

১৫ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ -----

২৯ জুন ২০১৭ খ্রীষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার এসএমইএসপিডি সার্কুলার নং-১/২০১৬ এর ২.২ এবং ২.৩ নং অনুচ্ছেদ সংশোধন প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে ০৭ জানুয়ারি ২০১৬ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-১ [এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার] এর ২.২ এবং ২.৩ অনুচ্ছেদ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এসএমই অর্থায়ন সংক্রান্ত উক্ত মাস্টার সার্কুলার এর ২.২ অনুচ্ছেদে ব্যাংকের সামগ্রিক ঋণ পোর্টফোলিওতে এসএমই খাতে ঋণ বিতরণ ও ঋণ স্থিতির শতকরা হার অনূন ২০% এবং আগামী ৫ বছরের মধ্যে এ হার অনূন ৩০% উন্নীত করার প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করা হয়েছিল। অন্যদিকে, মাস্টার সার্কুলার এর ২.৩ অনুচ্ছেদ মোতাবেক এসএমই ঋণ পোর্টফোলিওর খাতভিত্তিক বিভাজন ম্যানুফ্যাকচারিং-এ অনূন ৩০%, সেবায় অনূন ১৫% এবং ব্যবসায় (ট্রেডিং-এ) সর্বোচ্চ ৫৫% অর্জনের কথা। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কাঙ্ক্ষিত মাত্রায় এসএমই খাতে অর্থায়ন করছে না। দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বিধায় এসএমই অর্থায়ন কার্যক্রম আরো গতিশীল ও সুসংহত করতে মাস্টার সার্কুলারের ২.২ এবং ২.৩ নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলোঃ

২.২	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে বছরের শুরুতেই তাদের মোট বিতরণযোগ্য ঋণের মধ্যে এসএমই খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বাৎসরিক সামগ্রিক ঋণ বিতরণের মধ্যে এসএমই খাতে ঋণ বিতরণ ২০১৭ সালে অনূন ২০% হতে হবে এবং প্রতিবছর কমপক্ষে ১% বৃদ্ধিসহ ২০২১ সালে অনূন ২৫%-এ উন্নীত করতে হবে।
২.৩	সামগ্রিকভাবে এসএমই খাতে ঋণ বিতরণে মাঝারি খাতের চেয়ে ক্ষুদ্র খাতে ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে। এসএমই খাতে সামগ্রিক অর্থায়নের অনূন ৫০% কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগীদের জন্য নির্ধারণ করতে হবে। টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে একটি টেকসই এসএমই খাত গঠন করতে এসএমই ঋণ পোর্টফোলিওর কাঙ্ক্ষিত খাতভিত্তিক বিভাজন হবে ২০২১ সালে ম্যানুফ্যাকচারিং-এ অনূন ৪০%, সেবায় অনূন ২৫% এবং ব্যবসায় (ট্রেডিং-এ) সর্বোচ্চ ৩৫%। মোট এসএমই ঋণের মধ্যে এসএমই নারী উদ্যোক্তা ঋণের হার হবে ন্যূনতম ১০% এবং ২০২১ সালে তা ১৫% এ উন্নীত করতে হবে। এ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। পোর্টফোলিওর কাঙ্ক্ষিত খাতভিত্তিক বিভাজন এসএমই পারফরমেন্স মূল্যায়নে নিয়ামক হিসেবে বিবেচিত হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। মাস্টার সার্কুলারে বর্ণিত এসএমই অর্থায়ন সংশ্লিষ্ট অন্যান্য সাধারণ নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২